**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**26 February 2026** **7:45 PM IST**

==========================================================================

১) মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা , জীবন অনুপ্রেরণা এবং নিযুত বাবু প্রকল্পের অধীনে আজ ছাত্র-ছাত্রীদের প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থায় অনুদান প্রদান ।

২)একটি বিশেষ সম্প্রদায়কে উদ্দেশ্য করে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে গৌহাটি হাইকোর্টের আজ আসাম সরকার , ভারত সরকার তথা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে নোটিশ জারী ।

৩) আসাম সহ দেশের ১০টি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনের নির্বাচনের জন্য নির্বাচন কমিশনের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারী ।

এবং

৪) ন্যায়পালিকায় দূর্নীতি বিষয়ক পাঠ সন্নিবিষ্ট থাকা NCERT-র অষ্টম শ্রেণীর সমাজ বিজ্ঞানের পাঠ্যবই তাৎক্ষণিকভাবে নিষিদ্ধ করতে সুপ্রীম কোর্টের নির্দেশ ।

---

গৌহাটি খানাপারার জ্যোতিবিষ্ণু আর্ন্তজাতিক কলা মন্দিরে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ মুখ্যমন্ত্রীর জীবন প্রেরণা , জীবন অনুপ্রেরণা এবং নিযুতবাবু প্রকল্পের অধীনে ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রত্যক্ষ লাভ হস্তান্তর ব্যবস্থায় অনুদান প্রদান করেন । জীবন প্রেরণা প্রকল্পের অধীনে সরকারী অথবা সরকার অধিগৃহিত প্রতিষ্ঠান থেকে ২০২৫ সালে স্নাতক ডিগ্রী লাভ করা ছাত্রী-ছাত্রীরা এক বছরের জন্য ২ হাজার ৫শো টাকা করে লাভ করবে । এছাড়া শৈক্ষিক উৎকর্ষতা এবং শিল্পক্ষেত্র গড়ে তুলতে উৎসাহ প্রদানের জন্য আজ মুখ্যমন্ত্রীর জীবন অনুপ্রেরণা প্রকল্পের অধীনে ২ হাজার ১শো ১২ জন গবেষককে অনুদান প্রদান করা হয় । এর অধীনে সরকারী এবং সরকার অধিগৃহিত প্রতিষ্ঠান থেকে পূর্ণকালীন গবেষণার জন্য গবেষকদের ২৫ হাজার টাকা করে এবং দিব্যাঙ্গ গবেষকদের ৪০ হাজার টাকা করে প্রদান করা হয় । এই প্রকল্পের অনুদান বিতরণের পর মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সাংবাদিকদের বলেন যে ......... ( বাইট )

মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা এই অনুষ্ঠানের পর ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে আই টি আই এবং পলিটেকনিক গুলিতে স্থাপন করা উদ্যোগ চতুর্থ পর্বের প্রযুক্তি কেন্দ্রগুলি উদ্বোধন করেন । এই অনুষ্ঠানে আর্থিকভাবে দুর্বল পরিবারের ছাত্রদের রেহাই প্রদানের উদ্দেশ্যে মুখ্যমন্ত্রীর নিযুতবাবু প্রকল্পের শুভারম্ভ করা হয় । ব্যাক্তিগত শিক্ষা প্রতিষ্ঠান ছাড়া স্নাতক এবং স্নাতকোত্তর পাঠক্রমে নাম ভর্তী করা সরকারী এবং অপ্রাদেশিকীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্ররা এই প্রকল্পের সুবিধা লাভ করবে । এই প্রকল্পের অধীনে ২০২৬-২৭ শিক্ষাবর্ষে ৪৭ হাজার ৩শো ৯৫ জন ছাত্রের মধ্যে মোট ১২ কোটি টাকার অনুদান প্রদান করা হয় ।

---

একটি বিশেষ সম্প্রদায়কে উদ্দেশ্য করে আপত্তিজনক মন্তব্য করার অভিযোগে গৌহাটি হাইকোর্ট আজ আসাম সরকার , ভারত সরকার তথা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মাকে নোটিশ জারী করেছে । উল্লেখ্য যে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা একটি বিশেষ সম্প্রদায়কে উদ্দেশ্য করে আপত্তিজনক মন্তব্য করছেন বলে লেখক , চিন্তাবিদ ডক্টর হিরেন গোহাই এবং দুটি রাজনৈতিক দল গৌহাটি হাইকোর্টে জনস্বার্থ সংক্রান্ত আবেদন দাখিল করেছিল । আজ এই আবেদনের শুনানী গ্রহণ করে গৌহাটি হাইকোর্টের প্রধান বিচারপতি আশুতোষ কুমার এবং বিচারপতি অরুণ দেব চৌধুরীর ডিভিশন ব্যাঞ্চ এই নোটিশ জারী করে । আগামী এপ্রিল মাসে এই আবেদনের পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়েছে ।

---

আসাম সরকার রাজ্যের সরকারী বিদ্যালয়ের শিক্ষকদের অর্জিত ছুটি অর্থাৎ আর্নড্ লিভ'এর পরিমাণ দশ দিন থেকে বাড়িয়ে পনেরো দিন করার বিষয়ে আনিষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । রাজ্যের অর্থ বিভাগ আসাম ছুটি সংশোধনী বিধি- ২০২৬ সম্পর্কে এই বিজ্ঞপ্তি জারি করেছে । গ্যাজেট নোটিফিকেশন হওয়ার পর এই বিধি কার্যকর হবে । উল্লেখ্য- রাজ্য সরকারের অন্যান্য কর্মচারীদের সমান অর্জিত ছুটি প্রদানের জন্য শিক্ষক সমাজের পক্ষ থেকে দাবী উত্থাপন করা হচ্ছিল । সেই অনুসারে সরকার সম্প্রতি শিক্ষকদের জন্য এই ছুটি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে ।

---

আসাম সহ দেশের দশটি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনের নির্বাচনের জন্য নির্বাচন কমিশন আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। সেই অনুসারে আজ থেকে আগামী পাঁচ-ই মার্চ পর্যন্ত প্রার্থীরা মনোনয়ন পত্র দাখিল করতে পারবেন । ভোটগ্রহণ আগামী ১৬ই মার্চ অনুষ্ঠিত হবে । যেসব রাজ্যে রাজ্যসভার আসনে ভোট নেওয়া হবে সেগুলির মধ্যে- আসামে তিনটি,

মহারাষ্ট্রে সাতটি, তামিলনাড়ুতে ছ'টি, ওড়িশাতে চারটি, বিহারে পাঁচটি, পশ্চিমবঙ্গে পাঁচটি, তেলেঙ্গানা, ছত্তিসগড়, ও হরিয়ানাতে দুটি করে এবং হিমাচল প্রদেশে একটি আসন রয়েছে । আগামী এপ্রিল মাসে ওই আসনগুলিতে রাজ্যসভার সদস্যদের কার্যকাল শেষ হবে । নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে ব্যালট পেপারে রিটার্নিং অফিসারের দেওয়া বিশেষ বেগুনী রঙের স্কেচ পেন দিয়ে ভোটদান করতে হবে । রাজ্যসভা নির্বাচনে অন্য কোনোধরণের কলম ব্যবহার করা যাবে না । আসামে যে তিনজন রাজ্যসভা সদস্যের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে, তারা হলেন- বিজেপি'র- রামেশ্বর তেলী ও ভূবনেশ্বর কলিতা এবং অজিত ভূইঞা ।

---

সুপ্রীম কোর্ট 'বিচার বিভাগে দুর্নীতি' বিষয়ক পাঠ সন্নিবিষ্ট থাকা এন সি ই আর টি'র অষ্টম শ্রেণীর সমাজ বিজ্ঞানের পাঠ্যপুস্তকটি তৎকালীনভাবে নিষিদ্ধ করার নির্দেশ দিয়েছে । মুখ্য বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি এবং বিচারপতি বিপুল এন পাঞ্চোলীকে নিয়ে গঠিত ডিভিশন বেঞ্চ গতকাল দেওয়া এক নির্দেশে কেন্দ্রীয় বিদ্যালয় শিক্ষা বিভাগের সচিব এবং এন সি ই আর টি'র অধ্যক্ষকে, তাঁদের বিরুদ্ধে কেন আদালত অবমাননার মামলা করা হবে না, সেই বিষয়েও বিজ্ঞপ্তি জারি করেছে । এক নির্দেশে সর্বোচ্চ আদালত এই পাঠ্যপুস্তকটির প্রতিলিপি অনতিবিলম্বে বাজেয়াপ্ত করতে এন সি ই আর টি'কে কঠোর নির্দেশ দিয়েছে । উল্লেখ্য- এন সি ই আর টি'র গোদামে বর্তমানে দুই লক্ষ ২৪ হাজার ৯৬২টি এই পাঠ্যপুস্তক রয়েছে । এছাড়া বিভিন্ন স্থানে বিক্রি হওয়া ৩৮টি পাঠ্যপুস্তক রয়েছে । সুপ্রীম কোর্টের এই নির্দেশের পর এন সি ই আর টি দেশের বিভিন্ন প্রান্তের ৩৮টি মূল বিক্রেতা প্রতিষ্ঠান থেকে অষ্টম শ্রেণীর নিষিদ্ধ করা ১৬টি পাঠ্যপুস্তক উদ্ধার করেছে ।

---

খানাপারার কৃষি সঞ্চালকালয় প্রাঙ্গনের খেলার মাঠে আজ থেকে আগামী পয়লা মার্চ পর্যন্ত ২৫তম রাজ্য কৃষি উদ্যান শষ্য মেলার আয়োজন করা হয়েছে । আসাম উদ্যান শষ্য সমিতি রাজ্য সরকারের কৃষি সঞ্চালকালয় , উদ্যান শষ্য এবং খাদ্য প্রক্রিয়াকরণ সঞ্চালকালয় সহ আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় আয়োজিত এই মেলায় ৮০টির অধিক বিপনি অংশ গ্রহণ করেছে । বিপনিগুলিতে বিভিন্ন জেলার উন্নত মানের কৃষিজাত এবং উদ্যানশষ্যের সামগ্রী বিক্রী সহ কৃষি উদ্যন প্রযুক্তি বিষয়ক প্রদর্শনীরও ব্যবস্থা করা হয়েছে । এবারের এই মেলায় পুষ্পসজ্জা , রন্ধন কলা , শাক-শব্জী , তাজা ফুল , ফলমূল , ছাদের ওপর করা বাগান ইত্যাদি নিয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয় ।

---

নাগাল্যান্ডে আজ থেকে তিনদিনব্যাপী উত্তর-পূর্ব বসন্ত উৎসব ২০২৬ আরম্ভ হয়েছে । ভারত সরকারের সাংস্কৃতিক মন্ত্রনালয়ের তত্বাবোধানে উত্তর-পূর্ব মন্ডল সাংস্কৃতিক কেন্দ্র ডিমাপুরের সহযোগিতায় এবং নাগপুরের দক্ষিণ মধ্য মন্ডল সাংস্কৃতিক কেন্দ্রের সহযোগিতায় এই মহোৎসবের আয়োজন করা হয়েছে । এই উৎসবের উদ্দেশ্য হচ্ছে উত্তর-পূর্ব সীমান্তের সমৃদ্ধ লোক-সংস্কৃতি এবং উপজাতি সাংস্কৃতিক সম্পদের সংরক্ষণ সহ পরম্পরাগত শিল্পীদের জন্য একটি জাতীয় মঞ্চ প্রদান করা ।

---

শ্রীভূমি জেলা কংগ্রেস কমিটির পক্ষ থেকে কাছাড় জেলার পয়লাপুলে স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর মূর্তি ভাঙ্গচুরের ঘটনার তীব্র নিন্দা জানানো হয়েছে । শ্রীভূমি জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের নেতৃত্বে দলীয় কর্মী-সর্মথকরা আজ তাদের দলীয় কার্যালয়ের সামনে

সমবেত হয়ে বিক্ষোভ কার্যসূচী পালন করেছেন । দলের পক্ষ থেকে দোষীদের অবিলম্বে সনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানানো হয়েছে ।

এদিকে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের আসাম রাজ্য কমিটির পক্ষ থেকেও পয়লাপুলে দেশের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর মূর্তি ভাঙ্গার ঘটনার তীব্র নিন্দা জানানো হয়েছে । দলের রাজ্য সম্পাদক চন্দ্রলেখা দাস এই ঘটনার সাথে জড়িত অপরাধীদের শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানিয়েছেন ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- ডুমুরঘাট গুয়াবাড়ী রোডে সড়ক সংস্কার কাজের জন্য আগামী ২৮শে ফেব্রুয়ারী ও পয়লা মার্চ, ওই দুটি দিনে এই সড়ক দিয়ে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে । জনসাধারণকে এই দুদিন শালগঙ্গা-ঠালিগ্রাম বিকল্প সড়ক ব্যবহার করার অনুরোধ জানানো হয়েছে ।

---